| | | |
|---|---|---|
| জাহান, মেডিকেল অফিসার (এমসি এইচ-এফপি) দূর্গাপুর, রাজশাহী নরমাল ডেলিভারী সেবাসহ মা ও শিশু স্বাস্থ্য সেবায় অগ্রগতি অর্জনে আরও তৎপর হওয়ার জন্য সংশ্লিষ্ট সকল কে অনুরোধ জানান। | | |
| **৩। <u>প্রাতিষ্ঠানিক ডেলিভারী বিষয়ে আলোচনাঃ</u>** সভায় প্রাতিষ্ঠানিক ডেলিভারী বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অত্র উপজেলার ৪ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ২৪/৭ ডেলিভারী সেবা চালু আছে এবং উক্ত কেন্দ্র সমূহে সপ্তাহে ৭ দিন ২৪ ঘন্টা স্বাভাবিক প্রসব সেবা প্রদান করা হয়। আগস্ট/২০২৫ মাসে অত্র উপজেলাধীন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে কোন ডেলিভারী সম্পাদন হয় নাই। সকল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব সেবা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট সকল কে অনুরোধ জানানো হয়। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব হলে রিপোর্ট প্রদানের সময় অবস্যই তা এ এম টি সি এল পদ্ধতি অবলম্বন করে হয়েছে মর্মে রিপোর্টে প্রদান করতে হবে। | ৩। সকল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক ডেলিভারী সেবা বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব হলে রিপোর্ট প্রদানের সময় অবস্যই তা এ এম টি সি এল পদ্ধতি অবলম্বন করে হয়েছে মর্মে রিপোর্টে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ০৩। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার/মেডিক্যাল অফিসার(এমসি এইচ এফপি), উপসহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার, পরিবার কল্যাণ পরিদর্শিকা, পরিবার পরিকল্পনা পরিদর্শক (সকল) পরিবার কল্যাণ সহকারী (সকল) |
| **০৪। <u>স্যাটেলাইট ক্লিনিক প্রসংগে আলোচনা ঃ</u>** সভায় স্যাটেলাইট ক্লিনিক সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় জানা যায়, অত্র উপজেলায় ২৪ টি স্যাটেলাইট ক্লিনিক নির্ধারিত রয়েছে, আগস্ট/২০২৫ মাসে স্যাটেলাইট ক্লিনিক সংগঠিত হয়েছে ২৪ টি । আগস্ট/২০২৫ মাসে স্যাটেলাইট ক্লিনিকে গর্ভবতির সেবা প্রদান করা হয়েছে ১০৭ জন, প্রসবোত্তর সেবা ২৭ জন। শূন্য হতে ০৫ বছরের সেবা প্রাপ্ত শিশু ০৮ টি। স্যাটেলাইট ক্লিনিকে সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়েছে ৩০০ জন। ডাঃ আঈশা নুসরাত জাহান, মেডিকেল অফিসার (এমসি এইচ-এফপি) ও উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার (অঃ দাঃ) দূর্গাপুর, রাজশাহী সরকারী নিতি-মালা অনুযায়ী স্যাটেলাইট ক্লিনিক সংগঠন এবং সেবা প্রদানের জন্য সংশ্লিস্ট সকলকে অনুরোধ জানান এবং সেবা কেন্দ্রে ঔষুধ না থাকলে প্রয়োজনে রোগীকে প্রয়োজনীয় পরামর্শ বা ব্যবস্থাপত্র প্রদানের পরামর্শ প্রদান করেন। | ০৪। সরকারী নিতি-মালা অনুযায়ী স্যাটেলাইট ক্লিনিক সংগঠণ এবং সেবা প্রদান অব্যাহত সহ সেবা কেন্দ্রের ঔষুধ না থাকলে প্রয়োজনে রোগীকে প্রয়োজনীয় পরামর্শ বা ব্যবস্থাপত্র প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | ০৪। উপসহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার, পরিবার কল্যাণ পরিদর্শিকা (সকল) |
| ৫। বিবিধ ঃ ডাঃ আঈশা নুসরাত জাহান, মেডিকেল অফিসার (এমসি এইচ-এফপি) ও উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার (অঃ দাঃ) দূর্গাপুর, রাজশাহী সভায় ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে এবং স্যাটেলাইট ক্লিনিকে কিশোর - কিশোরীদের স্বাস্থ্য শিক্ষা প্রদানের পাশাপাশি বাল্য বিবাহের কুফল সম্পর্কে অবহিত করার জন্য সংশ্লিস্ট সকলকে নির্দেশ প্রদান করেন। জনাব মোঃ সাদ্দাম হোসেন সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জানান মাঠ কাজ পরিদর্শনের সময় কিছু কিছু কর্মীর পরিবার কল্যাণ সহকারী রেজিস্টার সঠিক পাওয়া যায় নাই। সুতরাং তিনি সংশ্লিষ্ট সকল কে রেজিস্টার হালনাগাদ এবং সঠিকভাবে পূরণের পরামর্শ প্রদান করেন। | ৫। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে এবং স্যাটেলাইট ক্লিনিকে কিশোর - কিশোরীদের স্বাস্থ্য শিক্ষা প্রদানের পাশাপাশি বাল্য বিবাহের কুফল সম্পর্কে অবহিত করার সিদ্ধান্ত গৃহিত হয়। পরিবার কল্যাণ সহকারী রেজিস্টার হালনাগাদ এবং সঠিকভাবে পূরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ৫। উপসহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার, পরিবার কল্যাণ পরিদর্শিকা, পরিবার পরিকল্পনা পরিদর্শক, পরিবার কল্যাণ সহকারী (সকল) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

( ডাঃ আঈশা নুসরাত জাহান )
মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)
ও
উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার
(অঃ দঃ)
দূর্গাপুর, রাজশাহী।